

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬৩১(আগরতলা ২০।১)

খোয়াই, ২০ জানুয়ারি, ২০২৪

**পদ্মবিল ব্লকে ৪৬তম ককবরক সাল উদযাপিত**

পদ্মবিল ব্লকের রতনপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে গতকাল ৪৬তম ককবরক সাল উদযাপিত হয়। খোয়াই মহকুমা কল্যাণ আধিকারিক কার্যালয়ের উদ্যোগে আয়োজিত ককবরক দিবসের উদ্বোধন করেন জেলা কল্যাণ আধিকারিক সুধাংশু সরকার। এছাড়া অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশিষ্ট সাহিত্যিক উৎপল দেববর্মা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিদ্যালয় পরিচালন কমিটির চেয়ারম্যান কুমারদ্বীপ দেববর্মা, বিশিষ্ট সমাজসেবী প্রণব দেববর্মা, মহকুমা কল্যাণ আধিকারিক অরুণ দেবনাথ প্রমুখ। অনুষ্ঠানে সাহিত্যিক উৎপল দেববর্মাকে সংবর্ধনা দেওয়া হয়। ককবরক দিবস উদযাপন উপলক্ষে ছাত্রছাত্রীদের নিয়ে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও ওপেন কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*